# FRANCECONNECT এ কানেক্ট করা

## 1. নিশ্চিত করুন




১ অথবা ২ দিয়ে শুরু হয় এমন সামাজিক নিরাপত্তা নম্বর হাতের কাছে রাখুন।

পরিচিতি সনাক্ত করে এমন কোন প্রতিষ্ঠানের একটি সক্রিয় একাউন্ট সাথে রাখুন অথবা নতুন একটি খুলে নিন।

## 2.




যে প্রক্রিয়া সম্পন্ন করতে হবে তার প্রশাসনিক ওয়েবসাইটে যান।

## 3.




এই বাটনে ক্লিক করুন « S'identifier avec FranceConnect »

## 4.



যে পরিচিতি সনাক্তকারী প্রতিষ্ঠানে একাউন্ট আছে সেটা বেছে নিন।

## 5.




নিজের লগইন তথ্য প্রবেশ করুন

## 6.



প্রক্রিয়া সম্পন্ন করুন


Un contenu produit par Futur Composé FUTUR COMPOSÉ
l'ensemble des contributeurs de ce commun numérique est visible à esja.fr/contrib

# FRANCECONNECT, এটা কী ?

FranceConnect কেবল একটি সনাক্তকারী তথ্য / পাসওয়ার্ড প্রয়োগ করে সম্মিলিত কয়েকটি প্রশাসনিক ওয়েবসাইট ব্যবহারের সুযোগ দেয়।

**ইতিপূর্বে ব্যবহার করছেন এমন কোন প্রশাসনিক ওয়েবসাইটের সনাক্তকারী তথ্য/পাসওয়ার্ড বেছে নিন।** (৫টির মধ্যে থেকে)

**এই সনাক্তকারী তথ্য/পাসওয়ার্ড কয়েকটি প্রশাসনিক ওয়েবসাইট ব্যবহারের সুযোগ করে দেয়।**





Un contenu produit par Futur Composé
l'ensemble des contributeurs de ce commun numérique est visible à esja.fr/contrib

# কোন পরিচয় সনাক্তকারী প্রতিষ্ঠানকে বেছে নিব ?

**ব্যবহারকারীর প্রোফাইল, পরিস্থিতি এবং ব্যক্তিগত তথ্যের ওপর ভিত্তি করে** কোন একটি পরিচয় সনাক্তকারী প্রতিষ্ঠানে নিম্নবর্ণিত শর্তানুযায়ী একাউন্ট খোলা যায়।

## Impots .gouv.fr — impots.gouv.fr

| | হ্যাঁ OUI | না NON |
|---|---|---|
| **কর নম্বর** | ☐ | ☐ |
| **আর্থিক উপার্জনের প্রমাণ** | ☐ | ☐ |
| **অনলাইন এক্সেস নম্বর** | ☐ | ☐ |

সবকয়টি হ্যাঁ চিহ্নিত?
**আমি এই পরিচয় সনাক্তকারী প্রতিষ্ঠানকে বেছে নিতে পারি !**

## ameli.fr

| | OUI | NON |
|---|---|---|
| **সামাজিক নিরাপত্তা নম্বর** | ☐ | ☐ |
| **ভিতাল কার্ড** | ☐ | ☐ |
| **ব্যাংক একাউন্ট** | ☐ | ☐ |

ব্যবহারকারী যদি Ameli তে একাউন্ট খোলেন তবে স্বাস্থ্য বীমা সংক্রান্ত সকল প্রক্রিয়া অনলাইনে সম্পন্ন করতে হবে।

সবকয়টি হ্যাঁ চিহ্নিত?
**আমি এই পরিচয় সনাক্তকারী প্রতিষ্ঠানকে বেছে নিতে পারি !**

## L'Identité Numérique

| | OUI | NON |
|---|---|---|
| বৈধ **ফরাসী পরিচয়পত্র** | ☐ | ☐ |
| নিজ বাসস্থানে বা পোস্ট অফিসে নোটারাইজড ডাককর্মী কর্তৃক **সত্যায়িত পরিচয়পত্র** | ☐ | ☐ |
| **স্মার্টফোন** *(Android বা IOS)* অ্যাপ ব্যবহারের জন্য | ☐ | ☐ |

সবকয়টি হ্যাঁ চিহ্নিত?
**আমি এই পরিচয় সনাক্তকারী প্রতিষ্ঠানকে বেছে নিতে পারি !**

## mobile connect et moi

| | OUI | NON |
|---|---|---|
| **Orange অথবা Sosh সাবস্ক্রিপশন** | ☐ | ☐ |
| **পরিচয় পত্র** | ☐ | ☐ |
| **স্মার্টফোন** নিবন্ধনের সময় প্রয়োজনীয় অ্যাপ ডাউনলোড করার জন্য | ☐ | ☐ |

সবকয়টি হ্যাঁ চিহ্নিত?
**আমি এই পরিচয় সনাক্তকারী প্রতিষ্ঠানকে বেছে নিতে পারি !**

## msa — santé famille retraite service — msa.fr

| | OUI | NON |
|---|---|---|
| **MSA অধিভুক্তি** | ☐ | ☐ |

সবকয়টি হ্যাঁ চিহ্নিত?
**আমি এই পরিচয় সনাক্তকারী প্রতিষ্ঠানকে বেছে নিতে পারি !**

Un contenu produit par Futur Composé FUTUR COMPOSÉ
l'ensemble des contributeurs de ce commun numérique est visible à esja.fr/contrib

# আপনাকে একটি প্রশাসনিক কার্যক্রম সম্পন্ন করতে হবে

**১**
CONNAISSEZ-VOUS LE SITE SUR LEQUEL EFFECTUER LA DÉMARCHE ?

- হ্যাঁ → ২
- না → L'aidant vous oriente vers le service correspondant.

**২**
FRANCECONNECT এর ৫টি পরিচয় সনাক্তকারী প্রতিষ্ঠানের কোন একটিতে আপনার একাউন্ট আছে ?

Impots.gouv.fr – ameli.fr – L'Identité Numérique – msa.fr – mobile connect et moi

- হ্যাঁ → ৩
- না → L'aidant est là pour vous guider et vous accompagner dans le choix de ce fournisseur d'identité.

**৩**
আপনার কাছে সনাক্তকারী তথ্য এবং একাউন্টের পাসওয়ার্ড আছে ?

- হ্যাঁ → প্রশাসনিক অধিদপ্তরে যান এবং ফ্রান্স কানেক্টে সংযুক্ত হোন।
  S'identifier avec FranceConnect
- না → L'aidant est là pour vous accompagner à les retrouver et vous guider dans la connexion.

**৪**
আপনি কি স্বয়ং কার্যক্রম সম্পন্ন করতে পারবেন ?

- হ্যাঁ → চলিু োহতল ! সাহায্যের প্রয্ োজন হয্ে সাহাযেকর্মী ত ো আয্েনেই।
- না →
  - ১ম উপায় : Si vous voulez apprendre à réaliser vos démarches seul, nous vous aidons à trouver un lieu pour vous former.
  - আপনার হয্ প্রোর্াসরনক কায শক্রর্ম সম্পন্ন করার জনে সাহাযেকর্মী আপনাযক একটি প্রর রনরিত্ব অঙ্গীকারনার্মা স্বাক্ষর কররয্ রনয্বন (তযযকাযনা সর্ময্ এই চুক্তক্ত সর্মাপ্ত করা যায্ব)।
  - Aidants Connect
  - Aidants Connect এর তসবার তকাযণ সাহাযে কর্মী আপনার হয্ প্রোর্াসরনক কায শক্রর্ম সম্পন্ন কয্রন।

**৫**
আপনার প্রশাসনিক কার্যক্রম সম্পন্ন করা

Un contenu produit par Futur Composé FUTUR COMPOSÉ
l'ensemble des contributeurs de ce commun numérique est visible à esja.fr/contrib


# যেসকল ব্যবহারকারী ফ্রান্সকানেক্ট করতে পারছেন না তাদের জন্য




ব্যবহারকারীর সামাজিক নিরাপত্তা নম্বর না থাকলে **তিনি ফ্রান্সকানেক্ট করতে পারবেন না।**




**সামাজিক নিরাপত্তা নম্বর এবং জাতীয় ব্যক্তি সনাক্তকরণ ডাটাবেসের (RNIPP) নিবন্ধন নম্বর একই,** যেটা INSEE এর তত্ত্বাবধানে থাকে যারা কিনা আদমশুমারির দায়িত্বে নিয়োজিত।



ফ্রান্সে যাদের জন্ম তারা জন্মের সাথে সাথেই RNIPP তে নিবন্ধিত হন। **আপনি যদি এমন কোন ব্যবহারকারী পান যার বিদেশে জন্ম এবং যিনি RNIPP তে নিবন্ধিত নন তবে তার পরিস্থিতি অনুযায়ী তাকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শরণাপন্ন হতে হবে।**

**বিদেশে জন্ম এবং শরণার্থী আশ্রয়প্রার্থী**

স্বাস্থ্য বীমার প্রাথমিক কাউন্টার

...অথবা সামাজিক কর্মীর সহায়তায় ব্যবহারকারীদের নিবন্ধনের জন্য অন্য কোন প্রতিষ্ঠান (পরবর্তীতে তারা CNAV কর্তৃক পরিচালিত হবেন)

**বিদেশে জন্ম এবং শরণার্থী আশ্রয়প্রার্থী**

ব্যক্তি যে বিভাগে বসবাস করেন সেখানকার CPAM অথবা CAF

**বিদেশে জন্ম এবং কৃষক বা কৃষিকর্মে নিযুক্ত**

MSA

**বিদেশে জন্ম এবং স্বনিযুক্ত কর্মী**

CPAM

**বিদেশে জন্ম এবং সরকারী বা সামরিক কর্মকর্তা, SNCF...**

বিশেষ স্কীম

**বিদেশে জন্ম এবং বসবাস এবং জীবনধারণ পেনশন লাভ করতে ইচ্ছুক**

Carsat, পরিপূরক পেনশন কাউন্টার, MSA বা অন্য স্কীম যেটার ওপর মৃত ব্যক্তি নির্ভরশীল ছিলেন।.

নিরাপত্তাজনিত কারণে প্রয়াত ব্যক্তিদের ফ্রান্সকানেক্টে লগইন নিষ্ক্রিয় করা হয়ে থাকে, তাই তাদের নাম ব্যবহার করে কানেক্ট করা যাবে না।


Un contenu produit par Futur Composé FUTUR COMPOSÉ
l'ensemble des contributeurs de ce commun numérique est visible à esja.fr/contrib

# AIDANTS CONNECT, এটা কী ?

Aidants Connect **তথ্যপ্রযুক্তি মাধ্যম ব্যবহারে সমস্যার সম্মুখীন এমন ব্যক্তিদের পক্ষে তাদের হয়ে প্রশাসনিক বিভিন্ন পদক্ষেপ বৈধ এবং নিরাপদ উপায়ে সম্পন্ন করার ক্ষমতাসম্পন্ন পেশাদারী সাহায্য কর্মীদের** অনুমোদন প্রদান করে। সকল প্রকার অনলাইন কানেকশনের হদিস রাখা হয় এবং সংরক্ষণ করা হয়।

অনলাইনে আমার প্রশাসনিক বিভিন্ন কার্যক্রমগুলো সম্পন্ন করার জন্য সাহায্যের **প্রত্যাশায় আমি একটি সঙ্গদান সাহায্য সেবা প্রতিষ্ঠানে যাই।**

**FranceConnect পরিচিতি সনাক্তকারী ৫টি প্রতিষ্ঠানের কোন একটিতে কি আমার কোন একাউন্ট আছে? যদি না থাকে তবে সাহায্যকর্মী আমাকে একটি একাউন্ট খুলতে সহায়তা করবেন।**

**কিধরণের কার্যক্রমে আমার সহায়তার প্রয়োজন হবে তা আমি এবং সাহায্যকর্মী একসাথে নির্ধারণ করি।**

**সাহায্যকর্মী আমাকে অনলাইনে একটি আদেশনামায় স্বাক্ষর করায়** এবং এর একটি পেপার কপি আমাকে দেয়।

**Aidants Connect এ তার একাউন্টের কল্যাণে সাহায্যকর্মী আমার হয়ে প্রশাসনিক কার্যক্রমগুলো সম্পন্ন করতে পারে।**

*FranceConnect এর মাধ্যমে এক্সেস করা যায় এমন সকল প্রশাসনিক কার্যক্রমগুলোর সাইটে Aidants Connect এর মাধ্যমে সহায়তা লাভ করা সম্ভব।*

Un contenu produit par Futur Composé FUTUR COMPOSÉ
l'ensemble des contributeurs de ce commun numérique est visible à esja.fr/contrib

# আমি একটি অঙ্গীকারনামায় স্বাক্ষর করি

এই অঙ্গীকারনামায় স্বাক্ষর করে
**আমি সাহায্যকর্মীকে অনুমতি দিচ্ছি যে :**

- তিনি যৌথভাবে নির্ণীত মেয়াদ এবং পরিসীমা অনুযায়ী **আমার হয়ে** অনলাইনে **বিভিন্ন প্রশাসনিক কার্যক্রম সম্পন্ন করবেন।**
- নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করার জন্য **তিনি আমার ব্যক্তিগত তথ্য ব্যবহার করবেন।**

এই অঙ্গীকারনামায় স্বাক্ষর করে,
**আমি ঘোষণা দিচ্ছি যে:**

- প্রশাসনিক তথ্য **কেবল সাহায্যকর্মীকে** প্রদান করব।

এই অঙ্গীকারনামায় স্বাক্ষর করে,
**আমি নিশ্চিত যে :**

- **আমার ব্যক্তিগত তথ্য কেবল সুনির্দিষ্ট প্রশাসনিক কার্যক্রম সম্পন্ন করার উদ্দেশ্যে ব্যবহৃত হবে।**
- **এই অঙ্গীকারনামার সকল প্রয়োগের আমি ভোক্তা হতে পারব।**
- এই অঙ্গীকারনামা স্বাক্ষর করার সময় প্রাপ্ত ফর্ম পূরণ করে **আমি যেকোনো সময়ে আমার অঙ্গীকার সমাপ্ত করতে পারব।**
- আমার ব্যক্তিগত তথ্য **নিরাপদ উপায়ে** নিবন্ধন করা হয়েছে।

Un contenu produit par Futur Composé FUTUR COMPOSÉ
l'ensemble des contributeurs de ce commun numérique est visible à esja.fr/contrib